বাহির করিয়া লইয়াছিস্, তাহাই ভাগ্য বলিয়া না মানিয়া, আবার পুরস্কার চাহিতেছিস্? যদি বাঁচিবার সাধ থাকে, আমার সম্মুখ হইতে যা; নতুবা এখনই, তোর ঘাড় ভাঙ্গিব। বক শুনিয়া হতবুদ্ধি হইয়া তৎক্ষণাৎ তথা হইতে প্রস্থান করিল।

অসতের সহিত ব্যবহার করা ভাল নয়।

যথেষ্ট—অনেক, বিস্তর।
অস্থির—কাতর।
বিলক্ষণ—প্রচুর, রীতিমত, উত্তমরূপ।
চিরকাল—যাবজ্জীবন।
অনেক যত্নে—বহুকষ্টে।
উত্থাপিত—যাহা উত্থাপন করা হইয়াছে।
রক্তবর্ণ—লালবর্ণ।
নির্ব্বিঘ্নে—নিরাপদে।
আবার—পুনরায়।
নতুবা—নচেৎ, তাহা না হইলে।
তৎক্ষণাৎ—তখনি, সেই দণ্ডে।
অসতের—মন্দ লোকের।
যন্ত্রণায়—যাতনায়।
জন্তুকে—জীবকে, প্রাণীকে।
পুরস্কার—পারিতোষিক।
সম্মত—রাজী।
সুস্থ—আরাম।
চক্ষু—চোখ।
নির্ব্বোধ—বোকা, মূর্খ, অজ্ঞান।
ভাগ্য—শুভাদৃষ্ট।
সাধ—ইচ্ছা, অভিলাষ।
হতবুদ্ধি—অবাক্।
প্রস্থান করিল—চলিয়া গেল।
ব্যবহার—কার্য্য, আচরণ।

## দাঁড়কাক ও ময়ূরপুচ্ছ।

একস্থানে কতকগুলি ময়ূরপুচ্ছ পড়িয়া ছিল। এক দাঁড়-কাক, দেখিয়া, মনে মনে বিবেচনা করিল, যদি আমি এই ময়ূরপুচ্ছগুলি আপন পাখায় বসাইয়া দি, তাহা হইলে, আমিও ময়ূরের মত সুশ্রী হইব। এই ভাবিয়া, দাঁড়কাক, ময়ূরপুচ্ছগুলি আপন পাখায় বসাইয়া দিল;

পরে, কুকুর রুগ্ন হইয়া, অতিশয় দুর্ব্বল হইয়া । এই সময়ে, তাহার প্রভু, একদিন তাহাকে সঙ্গে লইয়া, শিকার করিতে গেলেন। এক শূকর সম্মুখ হইতে দৌড়াইয়া পলাইতে লাগিল। শিকারী ইঙ্গিত করিবামাত্র, কুকুর দৌড়াইয়া গিয়া, শূকরের ঘাড়ে কামড়াইয়া ধরিল; কিন্তু, পূর্ব্বের মত বল ছিল না, এজন্য, ধরিয়া রাখিতে পারিল না; শূকর অনায়াসে ছাড়াইয়া চলিয়া গেল।


শিকারী ব্যক্তি ক্রোধে অন্ধ হইয়া, কুকুরকে তিরস্কার ও করিতে আরম্ভ করিলেন। তখন কুকুর বলিল, মহাশয়, বিনা অপরাধে, আমায় তিরস্কার ও প্রহার করেন কেন? মনে করিয়া দেখুন, যত দিন আমার বল ছিল, আপনার কত করিয়াছি; এক্ষণে, রুগ্ন হইয়া নিতান্ত দুর্ব্বল ও অক্ষম হইয়া পড়িয়াছি বলিয়া, তিরস্কার ও প্রহার করা উচিত নহে।

বিলক্ষণ—অত্যন্ত, খুব, অতিশয়।
যথেষ্ট—অনেক।
রুগ্ন—পীড়িত।
ইঙ্গিত—ইসারা।
ক্রোধে—রাগে, রোষে।
অক্ষম—অপারগ, অসমর্থ।
[illegible]
[illegible]—[illegible], [illegible]।
[illegible]—[illegible]।
অনায়াসে—অক্লেশে, সহজে।
বিনা অপরাধে—বিনা দোষে।
উচিত—কর্ত্তব্য।

# অশ্ব ও অশ্বপাল।

[illegible] আহার পাইলে, এবং শরীর রীতিমত মার্জ্জিত ও মর্দ্দিত হইলে, অশ্বগণ বিলক্ষণ বলবান্ হয়, এবং সুশ্রী ও চিক্কণ দেখায়। কিন্তু রীতিমত আহার না দিলে, কেবল মার্জ্জনে ও মর্দ্দনে কোন ফল হয় না। কোনও অশ্বপাল, প্রত্যহ অশ্বের আহার-দ্রব্যের কিয়ৎ অংশ বেচিয়া, বিলক্ষণ লাভ করিত। অশ্ব, রীতিমত আহার না পাইয়া, দিন দিন দুর্ব্বল হইতে লাগিল। দুষ্ট অশ্বপাল, লাভের লোভে, অশ্বের আহার-দ্রব্য প্রত্যহ চুরি করিত বটে, কিন্তু মার্জ্জন ও মর্দ্দন বিষয়ে, তাহার কিছুমাত্র আলস্য ছিল না; বরং সচরাচর সকলে যত-বার ও যতক্ষণ, মার্জ্জন ও মর্দ্দন করে, সে তাহা অপেক্ষা অধিক ক্ষণ ও অধিক বার করিত। দুর্ব্বল শরীর অধিক মার্জ্জন ও মর্দ্দন করাতে, অশ্বের বিলক্ষণ ক্লেশ হইতে লাগিল। এজন্য, অশ্ব অতিশয় বিরক্ত হইয়া, একদিন অশ্বপালকে বলিল, ভাই হে, যদি আমাকে সুশ্রী ও সবল করিবার ইচ্ছা থাকে, তাহা হইলে রীতিমত আহার দিতে আরম্ভ কর; রীতিমত আহার না দিলে, কেবল মার্জ্জন ও মর্দ্দন দ্বারা, তুমি কখনই আমাকে সুশ্রী ও সবল করিতে পারিবে না।

মতে, উড়িতে পারিল না, এবং আর যে উড়িয়া যাইতে পারিবে, তাহারও প্রত্যাশা রহিল না। তখন তাহারা



আপনাদিগকে ধিক্কার দিয়া আক্ষেপ করিয়া বলিতে লাগিল, আমরা কি নির্ব্বোধ ; ক্ষণিক সুখের জন্য প্রাণ হারাইলাম।

ফোঁটা—বিন্দু।
ক্রমে ক্রমে—ক্রমশঃ।
প্রত্যাশা—আশা।
ধিক্কার দিয়া—ধিক্ ধিক্ বলিয়া।
আক্ষেপ—খেদ, দুঃখ।
ক্ষণিক—অল্পকালস্থায়ী।

## কুকুর, কুক্কুট ও শৃগাল।

এক কুকুর ও এক কুক্কুট, উভয়ের অতিশয় প্রণয় ছিল। একদিন উভয়ে মিলিয়া বেড়াইতে গেল। এক

Uttarpara Jaikrishna Public Library.

সংহার করিয়া চলিয়া গেল। নির্ব্বোধ রাখাল, সকলকে এই উপদেশ দিয়া প্রাণত্যাগ করিল যে, মিথ্যাবাদীরা সত্য বলিলেও কেহ বিশ্বাস করে না।

নিকটবর্ত্তী—নিকটস্থ, সন্নিহিত। অপ্রস্তুত—অপদস্থ, অপমানিত।
ব্যাকুল—ব্যস্ত, কাতর। আক্রমণ—উপরে আসিয়া পড়া।
ইচ্ছামত—ইচ্ছানুযায়ী, মনের মত। ধূর্ত্ত—শঠ, প্রতারক।
উপদেশ—শিক্ষা। নির্ব্বোধ—মূর্খ ও বোকা।
মিথ্যাবাদীরা—অসত্যবাদীরা। প্রাণত্যাগ—জীবনবিসর্জ্জন।

---

## শৃগাল ও কৃষক।

ব্যাধগণে ও তাহাদের কুকুরে তাড়া করাতে, এক শৃগাল অতি দ্রুত দৌড়িয়া গিয়া, কোনও কৃষকের নিকট উপস্থিত হইল, এবং বলিল, ভাই, যদি তুমি কৃপা করিয়া আশ্রয় দাও, তবে এ যাত্রা আমার পরিত্রাণ হয়। কৃষক বলিল, তোমার ভয় নাই, আমার কুটীরে লুকাইয়া থাক। এই বলিয়া, সে আপন কুটীর দেখাইয়া দিল। শৃগাল কুটীরে প্রবেশ করিয়া এক কোণে লুকাইয়া রহিল। ব্যাধেরা, অবিলম্বে তথায় উপস্থিত হইয়া কৃষককে জিজ্ঞাসিল, ওহে ভাই, এদিকে একটা শৃগাল আসিয়াছিল, কোন্ দিকে গেল, বলিতে পার? সে কিছুই না বলিয়া কুটীরের দিকে অঙ্গুলিপ্রয়োগ করিল। তাহারা কৃষকের সঙ্কেত বুঝিতে না পারিয়া চলিয়া গেল।

আজ্ঞা দিল। তদনুসারে গর্দ্দভ তিন ভাগ সমান করিয়া, স্বীয় সহচরদিগকে এক এক ভাগ লইতে বলিল। সিংহ, অতিশয় কুপিত হইয়া, নখরপ্রহার দ্বারা, গর্দ্দভকে তৎক্ষণাৎ খণ্ড খণ্ড করিয়া ফেলিল।

পরে সিংহ, শৃগালকে ভাগ করিতে বলিল। শৃগাল অতি ধূর্ত্ত; গর্দ্দভের ন্যায় নির্ব্বোধ নহে। সে সিংহের অভিপ্রায় বুঝিতে পারিয়া, সিংহের ভাগে সমুদয় রাখিয়া, আপন ভাগে কিঞ্চিৎমাত্র রাখিল। তখন সিংহ, সন্তুষ্ট হইয়া বলিল, সখে, কে তোমায় এরূপ ন্যায্য ভাগ করিতে শিখাইল? শৃগাল বলিল, যখন গর্দ্দভের দশা স্বচক্ষে দেখিলাম, তখন অপর শিক্ষার প্রয়োজন কি?

শিকাব করিতে—পশু মারিতে
যথাযোগ্য—উচিতমত, অনুরূপ।
তদনুসারে—সেই অনুযায়ী।
সহচরদিগকে—সঙ্গীদিগকে।
স্বচক্ষে—নিজের চক্ষুতে।
অভিপ্রায়—মতলব, মনের ইচ্ছা।
সখে—বন্ধো, মিত্র।
সমাপ্ত—শেষ, সম্পন্ন।
ইচ্ছামত—স্বেচ্ছানুযায়ী।
স্বীয়—আপনার।
কুপিত হইয়া—রাগিয়া।
প্রয়োজন—দরকার।
কিঞ্চিৎমাত্র—অল্পমাত্র।
ন্যায্য—ন্যায়মত, উপযুক্ত, ঠিক

# খরগস ও শিকারী কুকুর।

কোন জঙ্গলে, এক শিকারী কুকুর, একটী খরগসকে ধরিবার নিমিত্ত, তাহার পশ্চাৎ ধাবমান হইল। খরগস, প্রাণের ভয়ে এত দ্রুত দৌড়িতে লাগিল যে, কুকুর অতি বেগে

আঁটি খুলিয়া, এক গাছা হাতে লইয়া, ভাঙ্গিয়া ফেলিতে বলিলেন। সে তৎক্ষণাৎ ভাঙ্গিয়া ফেলিল। তখন গৃহস্থ পুত্রদিগকে বলিলেন, দেখ বৎসগণ, এইরূপ যত দিন তোমরা, পরস্পর সদ্ভাবে একসঙ্গে থাকিবে, তত দিন শত্রু-পক্ষ তোমাদের কিছুই করিতে পারিবে না। কিন্তু পরস্পর বিবাদ করিয়া পৃথক্ হইলেই, তোমরা উচ্ছিন্ন হইবে।

গৃহস্থ—গৃহী।
বিবাদ—ঝগড়া, কলহ।
দৃষ্টান্ত—উদাহরণ।
শত্রুপক্ষ—বিপক্ষ।
সদ্ভাব—প্রণয়, মিল।
স্থির—সিদ্ধান্ত।
ক্ষান্ত—নিবৃত্ত।
উচ্ছিন্ন হইবে—ধ্বংস হইবে।

## কচ্ছপ ও ঈগলপক্ষী।

পক্ষীরা অনায়াসে আকাশে উড়িয়া বেড়ায়; কিন্তু আমি পারি না; ইহা ভাবিয়া, এক কচ্ছপ অতিশয় দুঃখিত হইল, এবং মনে মনে অনেক আন্দোলন করিয়া স্থির করিল, যদি কেহ আমায় একবার আকাশে উড়াইয়া দেয়, তাহা হইলে আমিও পক্ষীদের মত স্বচ্ছন্দে উড়িয়া বেড়াইতে পারি। অনন্তর, সে এক ঈগল পক্ষীর নিকটে গিয়া বলিল, ভাই, যদি তুমি দয়া করিয়া, আমায় একটী বার আকাশে উঠাইয়া দাও, তাহা হইলে সমুদ্রের গর্ভে যত রত্ন আছে, সমুদয় উদ্ধৃত করিয়া তোমায় দি। আকাশে উড়িযা বেড়াইতে আমার বড় ইচ্ছা হইয়াছে।

শুনিয়া ঈষৎ হাস্য করিয়া বলিল, যদি কেবল এই কথা শুনিয়া থাক, তাহা হইলে ভয়ের বিষয় নাই। যদি ক্ষেত্রস্বামী ভাই বন্ধুদিগের উপর ভার দিয়া নিশ্চিন্ত থাকে, তাহা হইলে শস্য কাটিতে আসিবার এখনও অনেক বিলম্ব আছে। তাহাদেরও শস্য পাকিয়া উঠিয়াছে। তাহারা আগে আপনাদের শস্য না কাটিয়া, কখনও ইহার শস্য কাটিতে আসিবে না। কিন্তু ক্ষেত্র-স্বামী, কাল সকালে আসিয়া যাহা বলিবে, তাহা মন দিয়া শুনিও, এবং আমি আসিলে, বলিতে ভুলিও না।

পরদিন প্রত্যূষে সারসী আহারের অন্বেষণে বহির্গত হইলে, ক্ষেত্রস্বামী তথায় উপস্থিত হইল; দেখিল, কেহই শস্য কাটিতে আসে নাই; আর শস্য সকল অধিক পাকিয়াছিল, এজন্য ঝরিয়া ভূমিতে পড়িতেছে। তখন সে বিরক্ত হইয়া, আপন পুত্রকে বলিল, দেখ, প্রতিবেশীর অথবা ভাই বন্ধুর মুখ চাহিয়া থাকা আর উচিত নহে। আজ রাত্রিতে তুমি যত জন পাও, ঠিকা লোক স্থির করিয়া রাখিবে। কাল সকালে তাহাদিগকে লইয়া, আপনারাই কাটিতে আরম্ভ করিব; নতুবা বিস্তর ক্ষতি হইবে।

সারসী, বাসায় আসিয়া এই সমস্ত কথা শুনিয়া বলিল, অতঃপর আর এখানে থাকা ভাল নয়; এখন অন্যত্র যাওয়া নিতান্ত আবশ্যক। যখন কেহ অন্যের উপর

পথিকের হস্তে কুঠার দেখিয়া, তাহাকে চোর বলিয়া ধরিল। তখন সে স্বীয় সহচরকে বলিল, হায়! আমরা মারা পড়িলাম। তাহার সহচর বলিল, ও কেমন কথা? এখন আমরা মারা পড়িলাম বল কেন? আমি মারা পড়িলাম বল। যাহাকে লাভের অংশ দিতে চাহ নাই, তাহাকে বিপদের অংশভাগী করিতে যাওয়া অন্যায়।

সহচরকে—সঙ্গীকে। নিবস্ত হইল—চুপ করিল।
লাভেব—রোজগাবের। অংশভাগী—বকৃবাদার।

# পক্ষী ও শাকুনিক।

এক শাকুনিক, ফাঁদ পাতিয়া এক পক্ষী ধরিয়াছিল। পক্ষী, প্রাণনাশ উপস্থিত দেখিয়া, কাতর হইয়া বিনয়বাক্যে শাকুনিককে বলিতে লাগিল, ভাই, তুমি দয়া করিয়া আমাকে ছাড়িয়া দাও। আমি তোমার নিকট অঙ্গীকার করিতেছি, আমায় ছাড়িয়া দিলে, আমি অন্য অন্য পক্ষীদিগকে ভুলাইয়া আনিয়া, তোমার ফাঁদে ফেলিয়া দিব। বিবেচনা করিয়া দেখ, তুমি এক পক্ষীর পরিবর্ত্তে কত পক্ষী পাইবে। শাকুনিক বলিল, না, আমি তোমায় ছাড়িয়া দিব না। যে আপন মঙ্গলের নিমিত্ত স্বজাতীয় ও আত্মীয়দিগের সর্ব্বনাশ করিতে পারে, তাহার মৃত্যু হইলে পৃথিবীর মঙ্গল।

ক্ষুধায় কাতর—খিদেয় অস্থির।
চলৎশক্তিরহিত—চলিবার ক্ষমতাশূন্য।
ছাতি—বুক।
কাতরবাক্যে—মিনতি করিয়া।
অস্থির—ব্যাকুল, কাতর।
অভিসন্ধি—অভিপ্রায়, মতলব।

# সিংহ ও তিন বৃষ।

তিন বৃষের পরস্পর অতিশয় সম্প্রীতি ছিল। তাহারা নিয়ত একমাঠে একসঙ্গে চরিয়া বেড়াইত। এক সিংহ সর্ব্বদাই এই ইচ্ছা করিত, এই তিন বৃষের প্রাণবধ করিয়া, মাংস ভক্ষণ করিব। কিন্তু উহারা এমন বলবান্ যে, তিনটি একত্রে থাকিলে, সিংহ, আক্রমণ করিয়া, কিছু করিতে পারে না। এজন্য, মনে মনে বিবেচনা করিল, যাহাতে ইহারা পৃথক্ পৃথক্ চরে, এমন কোন উপায় করি। পরে, কৌশল করিয়া, সে উহাদের মধ্যে এমন বিরোধ ঘটাইয়া দিল যে, তিনের পরস্পর মুখদর্শন পর্য্যন্ত রহিত হইয়া গেল। তখন তাহারা পরস্পরে, দূরে, পৃথক্ পৃথক্ স্থানে, চরিতে আরম্ভ করিল। সিংহও এই সুযোগ পাইয়া, একে একে তিনের প্রাণসংহার করিয়া, ইচ্ছামত আহার করিল।

সম্প্রীতি—প্রণয়, সদ্ভাব।
পৃথক্ পৃথক্—ভিন্ন ভিন্ন।
কৌশল করিয়া—ফিকির করিয়া।
আক্রমণ—উপরে আসিয়া পড়া।
উপায়—ফিকির, কৌশল।
ইচ্ছামত—মনের মত, ইচ্ছানুযায়ী।

চীৎকার করিত, এবং দংশন করিতে উদ্যত হইয়া, তাহাদিগকে তাড়াইয়া দিত। একদিন এক অশ্ব বলিল, "দেখ, এই হতভাগা কুকুর কেমন দুর্বৃত্ত! আহারের দ্রব্যের উপর শয়ন করিয়া থাকিবে, আপনিও আহার করিবে না, এবং যাহারা ঐ আহার করিয়া প্রাণধারণ করিবে তাহাদিগকেও আহার করিতে দিবে না।"

ভয়ানক—ভয়ঙ্কর, অত্যন্ত। দংশন করিতে—কামড়াইতে।
হতভাগা—পাজি, দুর্ভাগা, দুষ্ট। উদ্যত—উদ্যোগী।

# পিপীলিকা ও পারাবত।

এক পিপীলিকা, তৃষ্ণায় কাতর হইয়া, নদীতে জলপান করিতে গিয়াছিল। সে হঠাৎ জলে পড়িয়া গিয়া, ভাসিয়া যাইতে লাগিল। এক পারাবত, বৃক্ষের শাখায় বসিয়া ছিল। সে, পিপীলিকার এই বিপদ্ দেখিয়া, গাছের একটি পাতা ভাঙ্গিয়া, জলে ফেলিয়া দিল। ঐ পাতা পিপীলিকার সম্মুখে পড়াতে, সে তাহার উপর উঠিয়া বসিল, এবং পাতা কিনারায় লাগিবামাত্র তীরে উঠিল।

এইরূপে, পারাবতের দয়া ও সাহায্যে প্রাণদান পাইয়া, পিপীলিকা মনে মনে তাহাকে ধন্যবাদ দিতেছে; এমন সময়ে, হঠাৎ দেখিতে পাইল, এক ব্যাধ জাল চাপা দিয়া, পায়রাকে ধরিবার উপক্রম করিতেছে;

